# আবাসা | Abasa | عَبَسَ

আয়াতঃ ৮০ : ২৪

## আরবি মূল আয়াত:

فَلۡیَنۡظُرِ الۡاِنۡسَانُ اِلٰی طَعَامِهٖۤ ﴿۲۴﴾

## অনুবাদসমূহ:

কাজেই মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক। — আল-বায়ান

মানুষ তার খাদ্যের ব্যাপারটাই ভেবে দেখুক না কেন। — তাইসিরুল

মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক। — মুজিবুর রহমান

Then let mankind look at his food - — Sahih International

২৪. অতঃপর মানুষ যেন তার খাদ্যের প্রতি লক্ষ্য করে!(১)

(১) মানবসৃষ্টির সূচনা উল্লেখ করার পর মানুষ যে খাদ্যের নেয়ামত ভোগ করে, এখানে সেগুলো সম্পর্কে আলোচনা করা হয়েছে। অর্থাৎ খাদ্য সম্পর্কে তার একবার চিন্তা করা প্রয়োজন- কিভাবে এই খাদ্য উৎপন্ন হয়। আল্লাহ যদি এর উপকরণগুলো সরবরাহ না করতেন তাহলে কি জমি থেকে এই খাদ্য উৎপন্ন করার ক্ষমতা মানুষের ছিল? এসব নেয়ামতসমূহ তিনি মানুষকে দিয়েছেন যাতে মানুষ কিয়ামতের প্রস্তুতির জন্য এর সাহায্যে আল্লাহর ইবাদত করে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

২৪। সুতরাং মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক।[1]

[1] যে, আল্লাহ তা কিভাবে সৃষ্টি করেছেন; যা তার জীবন ধারণের উপকরণ এবং কিভাবে তার জন্য জীবনোপকরণের ব্যবস্থা করেছেন; যাতে সে সেগুলিকে পরকালের সুখলাভের মাধ্যম বানাতে পারে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5782

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন